

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৪৮

৯. পানীয় অধ্যায় (كتاب الأشرية)

পরিচ্ছেদঃ ১৪. কলসে নাবীয প্রস্তুত এবং এতে যা কিছু ভিজিয়ে রাখা হয় তা নিষিদ্ধ

بَابِ النَّهْيِ عَنْ نَبِيذِ الْجَرِّ وَمَا يُنْبَذُ فِيهِ

## আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ عَنْ سَعِيدِ بْنِ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ عَنْ عَزْرَةَ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ قَالَ سَأَلْتُ ابْنَ عُمَرَ عَنْ نَبِيذِ الْجَرِّ فَقَالَ حَرَّمَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَقِيتُ ابْنَ عَمَرَ عَنْ نَبِيذِ الْجَرِّ فَقَالَ صَدَقَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ اللَّهُ بِقَوْلِ ابْنِ عُمَرَ فَقَالَ صَدَقَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ

## বাংলা

২১৪৮. সাঈদ ইবনু জুবাইর রাহি. হতে বর্ণিত, তিনি বলেন, আমি ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু কে মাটির কলসে তৈরী করা নবীয সম্পর্কে জিজ্ঞেস করলাম। তখন তিনি বললেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা হারাম করেছেন। এরপর আমি ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু এর সাথে সাক্ষাৎ করে তাকে ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু এর বক্তব্যটি জানালাম। তখন তিনি বললেন: আবূ আব্দুর রহমান ঠিকই বলেছেন।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর রাবীগণ সকলেই বিশ্বস্ত। তবে সাঈদ হতে তাঁর স্মৃতিশক্তি এলোমেলো হওয়ার পূর্বে তাঁর থেকে যারা হাদীস বর্ণনা করেছেন, তাদের মধ্যে সাঈদ ইবনু আমিরের নাম উল্লিখিত হয়নি। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: মুসলিম, আশরিবাহ ১৯৯৭; ]

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৪০৩।

এছাড়া, তাবারাণী, কাবীর ১২/৪৩ নং ১২৪২০; আরো দেখুন, ১২৩৫৫, ১২৪৪৭, ১২৫৫৫, ১২৬৩২, ১২৯৫৯, ১২৯৫০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'ঈদ ইবনু যুবায়র (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন